কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.১০১১** **তারিখ :** ১৭ পৌষ ১৪২৪ / ৩১ ডিসেম্বর ২০১৭

**বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৪তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

জাতীয় বীজ বোর্ডের সভাপতি ও সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্ মহোদয়ের সভাপতিত্বে ২৭-১২-২০১৭ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৪তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ক) ৯৪তম সভার কার্যবিবরণী (মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।
খ) উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'।

৩১.১২.১৭

**(মো: আজিম উদ্দিন)**
প্রধান বীজতত্ত্ববিদ
ফোন/ফ্যাক্স : ৯৫৪০২৩৮
E-mail: azimseed@gmail.com

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০;
০২। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৩। নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা-১২১৫;
০৪। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৫। অতিরিক্ত সচিব (ব্যয় নিয়ন্ত্রণ-২), অর্থ বিভাগ (কক্ষ নং-২১৯), অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা -১২১৫;
০৭। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৮। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১;
০৯। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
১০। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনষ্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১১। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদি, পাবনা-৬৬২০;
১২। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৩। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর-১৭০১;
১৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৬। জনাব এম আনিস উদ দৌলা, সভাপতি, বাংলাদেশ সিড এসোসিয়েশন, সিদ্দিক বাজার, ঢাকা ও চেয়ারম্যান, এসিআই লি:;
১৭। মহাপরিচালক, বীজ অনুবিভাগ ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য);
০৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৫। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। মহাপরিচালক, বীজ অনুবিভাগ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৭। অফিস কপি/মাস্টার ফাইল।

**কৃষিই সমৃদ্ধি**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ৯৪তম সভার কার্যবিবরণী

**সভাপতি** : মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্, সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়
**সভার তারিখ** : ২৭ ডিসেম্বর ২০১৭
**সময়** : বিকাল ৩.০০টা
**স্থান** : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
**উপস্থিতি** : পরিশিষ্ট-'ক'

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং প্রধান বীজতত্ত্ববিদ, জনাব মো: আজিম উদ্দিনকে ৯৪তম সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান। প্রধান বীজতত্ত্ববিদ সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১। জাতীয় বীজ বোর্ডের ৯৩তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

**আলোচনা:** জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ৯৩তম সভা ১১/১০/২০১৭ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ১৬/১০/২০১৭ তারিখে ১২.০০.০০০০.০৯৭.০২.০০২.১৬.৭৮৫ নম্বর স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যের নিকট পাঠানো হয়। অদ্যাবধি এ ব্যাপারে কোনো মতামত পাওয়া যায়নি বিধায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।

**সিদ্ধান্ত:** জাতীয় বীজ বোর্ডের ৯৩তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য বিষয় ২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

**(১) "বাংলাদেশ প্লান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউট আইন-২০১৭" এর খসড়া**

**আলোচনা:** ০৩ ডিসেম্বর, ২০১৭ তারিখ আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রাপ্ত মতামত সংযোজন, বিয়োজনসহ সদ্য প্রণীত অন্যান্য আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ করে মতামতের জন্য অংশিজনদের নিকট প্রেরণ করা হয়েছে।

**সিদ্ধান্ত:** অংশিজনদের নিকট হতে মতামত পাওয়ার পর "বাংলাদেশ প্লান্ট জেনেটিক রিসোর্সেস ইনস্টিটিউট আইন-২০১৭" এর খসড়া তৈরি করে বেসরকারি সেক্টর ও সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়ের মতামত জানার জন্য পরবর্তীতে আরো ১টি আন্তঃমন্ত্রণালয় সভা করতে হবে।

**(২) দেশের চাহিদা অনুযায়ী খাবার আলু ও রপ্তানিযোগ্য আলু উৎপাদন এবং জাত নির্বাচন**

**আলোচনা:** দেশের চাহিদা অনুযায়ী খাবার আলু ও রপ্তানিযোগ্য আলু উৎপাদনের পরিমাণ নির্ধারণ এবং আলু চাষাবাদের পরিবর্তে অন্যকোন লাভজনক ফসল আবাদে কৃষকদের উৎসাহ প্রদানের সুপারিশ প্রণয়নের জন্য মহাপরিচালক, বীজ অনুবিভাগকে আহবায়ক করে একটি কমিটি গঠিত হয়েছিল। কমিটি সভায় মিলিত হয়ে কতিপয় সুপারিশ প্রণয়ন করে। সভায় সুপারিশ প্রণয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** (১) দেশের চাহিদা অনুযায়ী খাবার আলু ও রপ্তানিযোগ্য আলু উৎপাদনের পরিমাণ নির্ধারণ এবং আলু চাষাবাদের পরিবর্তে অন্যকোন লাভজনক ফসল আবাদে কৃষকদের উৎসাহ প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে নিম্নোক্ত সুপারিশসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো:

- কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আলু রপ্তানিকারকদেরকে আমদানিকারক দেশের ক্রেতাদের চাহিদা অনুযায়ী জাতের আলু চুক্তিবদ্ধ চাষিদের মাধ্যমে GAP অনুসরণপূর্বক উৎপাদন করতে পরামর্শ প্রদান করবে।

- ➢ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও আলু রপ্তানিকারক সমিতি যৌথভাবে চুক্তিবদ্ধ চাষিদের রপ্তানি উপযোগী জাতের আলু উৎপাদনের বিষয়ে প্রশিক্ষণ প্রদানসহ এ সংক্রান্ত আনুসঙ্গিক কার্যক্রম গ্রহণ করবে।
- ➢ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্রকে বিশেষ প্রয়োজনে রপ্তানি উপযোগী আলুর জাত স্বল্প সময়ে ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ➢ আলু রপ্তানিকারকদেরকে আলু রপ্তানির বিষয়ে উদ্ভিদ সংগনিরোধ আইন ও বিধি-বিধান সম্পর্কে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্ভিদ সংগনিরোধ উইং প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।
- ➢ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষকদেরকে আলু ফসলের পরিবর্তে অন্যান্য লাভজনক রবি ফসল যেমন: সরিষা, মসুর, গম, ভুট্টা, তিল ইত্যাদি আবাদে উৎসাহ দিবে; প্রয়োজনে ফসলের প্রণোদনা কর্মসূচীতে কৃষকদের বীজ ও অন্যান্য উপকরণ সহায়তা দিবে।
- ➢ আগামী ৫ বছরে পর্যায়ক্রমে আলু চাষের জমি ৫.০ লক্ষ হেক্টর থেকে কমিয়ে ৪.৫ লক্ষ হেক্টরে রাখতে হবে।

| ফসলের নাম | আবাদের বছর | আবাদকৃত জমির লক্ষ্যমাত্রা (লক্ষ হেক্টর) | উৎপাদন লক্ষ্যমাত্রা (লক্ষ মে.টন) | ফলন লক্ষ্যমাত্রা মে. টন/হেক্টর |
|---|---|---|---|---|
| আলু | ২০১৮-১৯ | ৪.৯০ | ১০০.৯৪ | ২০.৬০ |
| | ২০১৯-২০ | ৪.৮০ | ৯৯.৮৪ | ২০.৮০ |
| | ২০২০-২১ | ৪.৭০ | ৯৮.৭০ | ২১.০০ |
| | ২০২১-২২ | ৪.৬০ | ৯৭.৫২ | ২১.২০ |
| | ২০২২-২৩ | ৪.৫০ | ৯৬.৩০ | ২১.৪০ |

- ➢ আলু প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনকারীদের জন্য বিশেষ প্রনোদনা/স্বল্প সুদে ঋণ প্রদান করা।
- ➢ রপ্তানিযোগ্য আলু উৎপাদন অঞ্চল চিহ্নিত করে সমন্বিত মনিটরিং, কন্ট্রাক্ট ফার্মিং এর মাধ্যমে রপ্তানিযোগ্য, বালাইমুক্ত ও নিরাপদ আলু উৎপাদন করা।
- ➢ রপ্তানি উপযোগী আলু উৎপাদনকালে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে উৎপাদন করা হয়েছে মর্মে প্রত্যয়ন প্রদান করা।
- ➢ রপ্তানির জন্য যে সকল কৃষকগণ আলু উৎপাদন করবে, তাদের ১টি ডাটাবেজ তৈরি করতে হবে ও আলু রপ্তানিকারকদের শাক সবজি রপ্তানিকারকদের ন্যায় নিবন্ধনের ব্যবস্থা নিতে হবে।
- ➢ আলু উৎপাদনকারী কৃষক, রপ্তানিকারক, বিদেশি ক্রেতা, সরকারি ও বেসরকারি কর্মকর্তাদের নিয়ে আন্তর্জাতিক সেমিনারের আয়োজন করা।
- ➢ আলু রপ্তানি বৃদ্ধির জন্য বাণিজ্য মন্ত্রণালয় ও ইপিবি'র সাথে যোগাযোগ করে অন্যান্য কৌশল নির্ধারণ করতে হবে।

**আলোচ্য বিষয় ৩। বোরো মৌসুমে চাষাবাদের জন্য হাইব্রিড ধানের ৭টি জাত নিবন্ধন।**

**আলোচনা:** জাতীয় বীজ বোর্ডের ৯৩তম সভার সিদ্ধান্ত মোতাবেক ৭টি হাইব্রিড জাত মূল্যায়নের ক্ষেত্রে চেকজাতের গড় ফলন (ব্রি ধান২৮ ও ব্রি ধান২৯) প্রত্যেক কোম্পানির প্রতিটি জাতের সব অঞ্চলে একই রকম হওয়ায় পুনরায় কারিগরি কমিটির সভায় বিষয়টি পর্যালোচনা ও যাচাই করে জাতীয় বীজ বোর্ডের সভায় সুস্পষ্ট তথ্য উপস্থাপনের সিদ্ধান্ত ছিল। মূল্যায়ন ফলাফল পর্যালোচনা ও যাচাই করে কারিগরি কমিটি পূর্বের সুপারিশকৃত ৭টি হাইব্রিড ধানের জাত নিবন্ধণের জন্য পুনরায় সুপারিশ করেছে। হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতির পর্যালোচনায় কারিগরি কমিটির সুপারিশসমূহ ওপর বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** (১) বোরো মৌসুমে চাষাবাদের জন্য হাইব্রিড ধানের ৭টি জাত নিবন্ধনের বিষয়ে কারিগরি কমিটিকে হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণ পদ্ধতি, ২০১৬ অনুসরণ করে জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করতে হবে।

(২) হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধীকরণের পদ্ধতি পর্যালোচনার কারিগরি কমিটির সুপারিশকৃত "দেশে উদ্ভাবিত ধানের কোন Standard হাইব্রিড জাত না থাকায়" বিষয়টি যৌক্তিক নয় বিধায়, তা সংশোধন করে ২০/০১/২০১৮ তারিখের মধ্যে পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে।

(৩) নিবন্ধনের জন্য প্রস্তাবিত হাইব্রিড ধানের যেসব জাতের ইতোমধ্যে ১ম বছর ট্রায়াল সম্পন্ন হয়েছে, সেসব জাতের ক্ষেত্রে ২য় বছর ট্রায়ালে চেকজাত হিসেবে মুক্তপরাগায়িত জাতের সাথে একটি দেশীয়ভাবে উদ্ভাবিত হাইব্রিড ধানের জাত ব্যবহার করতে হবে।

**আলোচ্য বিষয় ৪। ব্রি কর্তৃক প্রস্তাবিত ধানের ৫টি জাত ছাড়করণ।**

**আলোচনা:** বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক আউশ ও বোরো মৌসুমে চাষাবাদের জন্য ৫টি উচ্চফলনশীল ধানের জাত ছাড়করণের প্রস্তাব করা হয়েছে। মাঠ মূল্যায়ন দলের যাচাই বাছাইয়ের পর কারিগরি কমিটি বর্ণিত জাতসমূহ ছাড়করণের সুপারিশ করেছে। নিম্নের ছক এ জাতগুলোর বর্ননা উপস্থাপন করা হলো:

এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলো।

| ক্রম | প্রস্তাবিত জাতের নাম | মৌসুম | গড় জীবন কাল (দিন) | গড় ফলন প্রস্তাবিত জাত (মে.টন/হে:) | গড় ফলন চেক জাত (মে.টন/হে:) | বিশেষ বৈশিষ্ট্য | সনাক্তকারী বৈশিষ্ট্য | মূল্যায়ন দলের মতামত | কারিগরি কমিটির প্রস্তাবনা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ব্রি ধান ৮২ (NERICA10-7-PL2-B) | আউশ | ১০২ | ৪.৭২ | ৪.৩০ চেকজাত: ব্রি ধান৪৮ | কান্ড শক্ত, চারা অবস্থায় মধ্যম মাত্রার খরা সহনশীল, এমাইলোজ - ২৮%, ভাত ঝরঝরে | ডিগপাতা হেলানো বিধায় পরিপক্ক অবস্থায় শীষ উপরে থাকে, শুং নেই, দানা মাঝারী মোটা | ৬ টি স্থানে পক্ষে। | সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের সুপারিশ করা হয়েছে। |
| ২ | ব্রি ধান৮৩ (BR6848-3B-12) | আউশ | ১০৫ | ৩.৮১ | ২.৮৩ চেকজাত: ব্রিধান ৪৩ | চারা অবস্থায় মধ্যম মাত্রার খরা সহনশীল, শীষ লম্বা, | চাল মাঝারী মোটা, ধানের খোসার রং স্থানীয় জাত কটকতারার মত লালচে খয়েরী, | ৮ টি স্থানে পক্ষে। | সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের সুপারিশ করা হয়েছে। |
| ৩ | ব্রি ধান ৮৪ (BR7831-59-1-1-4-5-1-9-P1) | বোরো | ১৪২ | ৬.২৩ | ৬.২১ চেকজাত: ব্রি ধান ২৮ | উচ্চ মাত্রার জিঙ্ক সমৃদ্ধ (২৭.৫ পিপিএম), মধ্যম মাত্রার আয়রণ), এমাইলোজ- ২৫.৫%, | ডিগপাতা হেলানো, চালের পেরিকার্পর লালচে রঙের, | ৭ টি স্থানে পক্ষে, ২টি স্থানে বিপক্ষে (কুমিল্লা ও ভাঙ্গা) | উচ্চমাত্রার জিংক সমৃদ্ধ জাত হিসেবে সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের সুপারিশ করা হয়েছে। |
| ৪ | ব্রি ধান ৮৫ (BR7718-55-1-3) | রোপা আউশ | ১০৭ | ৪.২৯ | ৪.১০ চেকজাত: ব্রি ধান৪৮ | কুমিল্লা অঞ্চলসহ পূর্বাঞ্চলের জলাবদ্ধ এলাকার জন্য উপযোগী | ডিগ পাতা সামান্য হেলানো, গাছ লম্বা, কান্ড শক্ত, এমাইলোজ- ২৫.৫%, শুং নেই | ৯ টি স্থানে পক্ষে | কুমিল্লা অঞ্চলসহ পূর্বাঞ্চলে চাষাবাদের জন্য ছাড়করণের সুপারিশ করা হয়েছে। |
| ৫ | ব্রি ধান ৮৬ BR (Bio)8072-AC8-1-1-3-1-1) | বোরো | ১৪২ | ৬.১৮ | ৫.৯৯ চেকজাত: ব্রি ধান ২৮ | গাছ খাটো ও ঢলে পড়ে না। | ডিগ পাতা খাড়া, গাছ খাটো ও কান্ড শক্ত, শীষের অগ্রভাগে ৩-৫টি খুব ক্ষুদ্র শুং আছে | ৫ টি স্থানে পক্ষে, ১ টি স্থানে Flowering অসমান পাওয়ায় মন্তব্য পাওয়া যায় নাই (বরিশাল) এবং ৪টি স্থানে বিপক্ষে | সারাদেশে চাষাবাদের জন্য ছাড়করণের সুপারিশ করা হয়েছে। |

**সিদ্ধান্ত:** (১) কারিগরি কমিটির সুপারিশকৃত (NERICA10-7-PL2-B) কৌলিক সারিটি ব্রি ধান৮২ হিসাবে সারাদেশে ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

(২) কারিগরি কমিটির সুপারিশকৃত (BR6848-3B-12) কৌলিক সারিটি ব্রি ধান৮৩ হিসাবে সারাদেশে ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

(৩) কারিগরি কমিটির সুপারিশকৃত (BR7831-59-1-1-4-5-1-9-P1) কৌলিক সারিটি ব্রি ধান৮৪ হিসাবে সারাদেশে ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

(৪) কারিগরি কমিটির সুপারিশকৃত (BR7718-55-1-3) কৌলিক সারিটি ব্রি ধান৮৫ হিসাবে কুমিল্লা অঞ্চলসহ পূর্বাঞ্চলে চাষাবাদের জন্য ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

(৫) কারিগরি কমিটির সুপারিশকৃত (Bio)8072-AC8-1-1-3-1-1) কৌলিক সারিটি ব্রি ধান৮৬ হিসাবে সারাদেশে ছাড়করণের অনুমোদন দেয়া হলো।

**আলোচ্য বিষয় ৫। হাইব্রিড জাতের ট্রায়ালের স্থান বিএডিসি নীলফামারীর ডোমার, ভিত্তি বীজ আলু উৎপাদন খামার হতে নীলফামারী জেলা শহরের সন্নিকটে অবস্থিত বিএডিসি'র খামারে স্থাপনের অনুমোদন।**

**আলোচনা:** রংপুর অঞ্চলের হাইব্রিড ধানের ট্রায়াল প্লট নিয়মিত পরিদর্শন ও ডাটা সংগ্রহের সুবিধার জন্য পরবর্তী আউশ ২০১৮-১৯ মৌসুম থেকে বর্তমান নির্ধারিত স্থান ডোমার, ভিত্তি বীজ আলু উৎপাদন খামার, বিএডিসি নীলফামারী এর পরিবর্তে নীলফামারী জেলা শহরের সন্নিকটে অবস্থিত বিএডিসি'র খামারে স্থাপন অনুমোদনের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। এ বিষয়ে বিএডিসি'র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সম্মতি রয়েছে বলে কারিগরি কমিটির কার্যবিবরনীতে উল্লেখ করা হয়েছে।

**সিদ্ধান্ত:** কারিগরি কমিটির সুপারিশ মোতাবেক হাইব্রিড ধানের জাত ট্রায়ালের প্লট পরিবর্তন করে নীলফামারী জেলা শহরের সন্নিকটে অবস্থিত বিএডিসি'র খামারে স্থাপনের জন্য অনুমোদন দেয়া হলো।

**আলোচ্য বিষয় ৬। সিড প্রমোশন কমিটি পুনর্গঠন অবহিতকরণ:**

**আলোচনা:** (১) সরকার কৃষি মন্ত্রণালয়ের অধীন গবেষণা প্রতিষ্ঠানসমূহের উদ্ভাবিত বিভিন্ন ফসলের জাত মাঠ পর্যায়ে দ্রুত সম্প্রসারণের লক্ষ্যে নিম্নোক্তভাবে "সিড প্রমোশন কমিটি" পুনর্গঠন করেছে:

| ক্রম | সদস্য | পদবি |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব /মহাপরিচালক (বীজ অনুবিভাগ) কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সভাপতি |
| ২. | যুগ্মসচিব (গবেষণা) কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৩. | যুগ্মসচিব (সম্প্রসারণ) কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদস্য |
| ৪. | সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, ঢাকা। | সদস্য |
| ৫. | পরিচালক (সরেজমিন উইং) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। | সদস্য |
| ৬. | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর। | সদস্য |
| ৭. | পরিচালক, (কৃষি তথ্য সার্ভিস) ডিএই, খামারবাড়ি, ঢাকা। | সদস্য |
| ৮. | মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা। | সদস্য |
| ৯. | বিভাগীয় প্রধান, সীড সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ বাকৃবি, ময়মনসিংহ। | সদস্য |
| ১০. | পরিচালক, টেকনোলজি ট্রান্সফার ও মনিটরিং উইং, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা। | সদস্য |
| ১১. | পরিচালক (গবেষণা) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর। | সদস্য |
| ১২. | পরিচালক (কৃষি) বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা। | সদস্য |
| ১৩. | পরিচালক (গবেষণা) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর। | সদস্য |
| ১৪. | পরিচালক (গবেষণা) বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা। | সদস্য |
| ১৫. | পরিচালক (গবেষণা) বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ। | সদস্য |
| ১৬. | সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ঢাকা। | সদস্য |
| ১৭. | প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, ঢাকা। | সদস্য সচিব |

০২। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৩। **কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ**

(ক) প্রত্যেক ফসল মৌসুম (খরিফ-১, খরিফ-২ এবং রবি) এর প্রারম্ভে প্রধান প্রধান ফসলের জাতওয়ারী প্রজনন, ভিত্তি এবং প্রত্যায়িত বীজ উৎপাদন ও সরবরাহ কর্মসূচি/কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ ;

(খ) উন্নত ও ভাল জাতের বীজ সম্প্রসারণ বিষয়ক কর্মসূচি তৈরি ;

(গ) উন্নত ও ভাল জাতের বীজ বিস্তার বিষয়ক সমন্বিত সম্প্রসারণ কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিভিন্ন সংস্থার দায়িত্ব বন্টন ;

(ঘ) উন্নত ও ভাল জাতের বীজ প্রসারের সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ;

(ঙ) অনুমোদিত জাতের জনপ্রিয়তা যাচাই করে তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(চ) কর্মসূচি/কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে প্রয়োজনানুসারে মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ ;

(ছ) কমিটির কার্যক্রম সংক্রান্ত বিষয়ে জাতীয় বীজ বোর্ডের সভায় প্রতিবেদন উপস্থাপন।

০৪। কমিটি কর্তৃক বর্ণিত কার্যপরিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে "কৃষি প্রযুক্তি সম্প্রসারণ সমন্বয় কমিটি" এর সুপারিশ বিবেচনায় নিয়ে যথোপাযুক্ত সিদ্ধান্ত গ্রহণ।

**সিদ্ধান্ত:** পুনর্গঠিত সিড প্রমোশন কমিটির কার্যপরিধি অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

পরিশেষে সভাপতি নতুন জাত উদ্ভাবনের জন্য সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান ও বিজ্ঞানীদেরকে ধন্যবাদ জানান এবং কৃষক পর্যায়ে বিভিন্ন ফসলের নতুন জাত দ্রুত সম্প্রসারণের উদ্যোগ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১.১২.১৭

**মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্**
সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ডের ৯৪তম সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষরের তালিকা

বিষয় : জাতীয় বীজ বোর্ডের ৯৪তম সভা
তারিখ : ২৭-১২-২০১৭ খ্রি:, সময় : বিকাল ৩.০০ টা
স্থান : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
সভাপতি : সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়

| ক্র: নং | নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | প্র. ড. মো: আজিজ আলী | প্রফেসর, বাকৃবি | 01790192620 | [illegible] |
| ২ | ড. ভাগ্য রানী বনিক | নির্বাহী চেয়ারম্যান বিএআরসি, ঢাকা | 01686734840 | 27.12.17 |
| ৩ | মো: আবদুল হোসেন | সদস্য পরিচালক- বীজ ও উ: (অতিরিক্ত সচিব) বিএডিসি | ০১৮১৮-৪১৫ ৭১২ | ২৭/১২/১৭ |
| ৪ | ড. [illegible] আহমেদ | [illegible] | ০১৭২৭২১০৯৯৫ | 27/12/201[illegible] |
| ৫ | ড. মো: ফরিদ উদ্দিন | নির্বাহী পরিচালক [illegible] | 01711020798 | [illegible].12.17 |
| ৬ | ড: মো: আমজাদ হোসেন | [illegible] | 01718082112 | ২৭/১২/১৭ |
| ৭ | ড. [illegible] বেগম | [illegible] (রুটিন দায়িত্ব) | 01714492742 | 27.12.17 |
| ৮ | ড. মো: এনামুল হক | [illegible] | 01716601099 | 27/12/17 |
| ৯ | [illegible] ইসলাম | সাধারণ সম্পাদক বাংলাদেশ সীড এসোসিয়েশন | 01954777555<br>9488664422 | 27/12/17 |
| ১০ | ড. [illegible] | পরিচালক (গবেষণা) বি, জামালপুর | 01715382329 | 27/12/17 |
| ১১ | ড. মো: আজহার [illegible] | [illegible] | 01718630971<br>n.azhar.kh@gmail.com | 27.12.17 |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | মোঃ ইকবাল | পরিচালক<br>বীজ প্রত্যয়ন এজেন্সি | ০১৭১২-৮৭৬২৭০<br>din.sca@gov.bd.com | [illegible] |
| ১৩ | [illegible] | অতিরিক্ত সচিব (গবেষণা)<br>কৃষি মন্ত্রণালয় | 01712060180 | [illegible] |
| ১৪ | মোঃ আব্দুল [illegible] | [illegible] | 01712[illegible] | [illegible] |
| ১৫ | ড. মোঃ মনজুরুল আলম | মহাপরিচালক<br>[illegible] | ০১৭১৬ ১১৮৬০৭ | [illegible] ২৭/১২/২০১৭ |
| ১৬ | মোঃ নাসিরুজ্জামান | চেয়ারম্যান<br>বিএডিসি | | [illegible] |
| ১৭ | ড. মোঃ [illegible] | DG, ব্রি | | [illegible] |
| ১৮ | মোঃ আজিজ [illegible] | প্রধান বীজতত্ত্ববিদ<br>কৃষি মন্ত্রণালয় | ০১৫৫২৬০৪১১৪০ | [illegible] ২৭-১২-১৭ |
| ১৯ | মানিক চন্দ্র কবিরাজ | সহকারী বীজতত্ত্ববিদ<br>কৃষি মন্ত্রণালয় | 01718018710 | [illegible] ২৭/১২/১৭ |
| ২০ | | | | |
| ২১ | | | | |
| ২২ | | | | |
| ২৩ | | | | |
| ২৪ | | | | |
| ২৫ | | | | |